



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১২ ডিসেম্বর ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটিতে মুক্তিপনের বিনিময়ে অপহৃত পিসিপি নেতার মুক্তি লাভ

গত ৮ ডিসেম্বর বেলা ২:৩০টার সময় রাঙামাটি জেলা সদরের বনরুপা বোটঘাট থেকে জেএসএস-এর সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীরা পাহাড়ি ছাত্র পরিষদ নান্যাচর কলেজ শাখার শিল্প, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক কমতলী গ্রামের হেলেন চাকমাকে (২২) অপহরণে করে। এ সময় তিনি রাঙামাটিতে এক আত্মীয়ের বাড়িতে বেড়াতে গিয়েছিলেন।

অপহরণের পর হেলেন চাকমাকে ২নং মগবান ইউনিয়নের গলাছড়ি গ্রামে নিয়ে যাওয়া হয়। সেখানে তাকে শিকল দিয়ে বেঁধে রেখে মারধার করা হয়।

তিন দিন আটক রাখার পর সন্ত্রাসীরা তাকে গতকাল ১১ ডিসেম্বর দুপুর ১২টার দিকে ৫ হাজার টাকা মুক্তিপনের বিনিময়ে ছেড়ে দেয়। ছাড়া পেয়ে গতকাল তিনি তার নিজ বাড়িতে ফিরেছেন।

পাহাড়ি ছাত্র পরিষদ নান্যাচর উপজেলা শাখার সভাপতি বিলাস চাকমা ও নান্যাচর কলেজ শাখার সভাপতি রিপন চাকমা হেলেন চাকমার মুক্তিতে সন্তোষ প্রকাশ করলেও অপহরণ ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

নেতৃবন্দ সন্ত্রাস গ্রুপকে অপহরণ বাণিজ্য ও ধ্বংসাত্মক রাজনীতি পরিহার করে জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে সামিল হওয়ার আহ্বান জানান।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট